গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি
সাগরিকা রোড, চট্টগ্রাম।
www.cevta.gov.bd

নথি নং-০৮.০০.০০১৫.০০২.১২.০০১.২৪ (খন্ড-২)/১৩৪৫৫ তারিখ: ২৮/০৭/২০২৫ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

**তৃতীয় শ্রেণির মিনিস্ট্রিয়াল ও নির্বাহী কর্মচারীদের দ্বিতীয় শ্রেণির "সহকারী রাজস্ব কর্মকর্তা" পদে বিভাগীয় পদোন্নতি পরীক্ষা, ২০২৫ গ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহবান।**

জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিল ট্রাইব্যুনাল এবং জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের অধীনস্ত সকল কাস্টমস হাউস; কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট; কাস্টমস বন্ড কমিশনারেট; কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট; অধিদপ্তর; পরিদপ্তর; বৃহৎ করদাতা ইউনিট (মূসক); শুল্ক, মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট; কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট ও কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম এর যথোপযুক্ত ও আগ্রহী প্রার্থী যারা "ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুল্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী সংশোধন আইন, ২০১০ (২০১০ সালের ২৮ নং আইন) এর তফসিলে বর্ণিত শর্তসমূহ ও বিভাগীয় পদোন্নতি পরীক্ষা (সহকারী রাজস্ব কর্মকর্তা) নীতিমালা, ২০২৫ এর অনুচ্ছেদ ৪ (১) এ বর্ণিত ছকে উল্লিখিত পদের বিপরীতে ন্যূনতম চাকুরীকাল **আগামী ৩১ জুলাই, ২০২৫ খ্রিঃ** তারিখের মধ্যে পূর্ণ করেছেন/করবেন এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাদের চাকুরী স্থায়ীকরণ সংক্রান্ত আদেশ জারী করা হয়েছে তাদেরকে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম (www.cevta.gov.bd) এর ওয়েবসাইটে আপলোডকৃত নির্ধারিত অনলাইন ফরম ৩১ আগস্ট, ২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে পূরণপূর্বক অনলাইন হতে প্রিন্ট করে ০৩ (তিন) কপি সকল দলিলাদিসহ নামের তালিকা [**প্রতিটি ০৩ (তিন) কপি করে আবেদনপত্র, চাকুরী স্থায়ীকরণ সংক্রান্ত আদেশ, বিশেষ করে** স্নাতক/সমমান ডিগ্রি পাসের **সনদপত্র উৎসমূলে যাচাই বাছাই করে সঠিকতা নিশ্চিতপূর্বক সহকারী কমিশনার/সহকারী পরিচালকের নিম্নে নহেন এমন কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে**] সংযুক্ত ছকানুযায়ী এক্সেল শীটে nikosh ফন্টে পূরণ করে **bcta2018@gmail.com** এ সফটকপি ও হার্ড কপি **আগামী** ৩১ আগস্ট, ২০২৫ খ্রিঃ **অফিস চলাকালীন সময়ের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের** মাধ্যমে মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম বরাবর পৌঁছানোর বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, কোনো প্রার্থী একাডেমি'র ওয়েবসাইট হতে নির্ধারিত ফরম পূরণ করতে সক্ষম না হলে ম্যানুয়াল পদ্ধতিতে পূরণকৃত আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম বরাবর প্রেরণ করতে পারবেন।

**এক্ষেত্রে প্রার্থীদের জন্য নিম্নবর্ণিত দিক নির্দেশনা অনুসরণীয়:**

ক) বিভাগীয় পদোন্নতি পরীক্ষা (সহকারী রাজস্ব কর্মকর্তা) নীতিমালা, ২০২৫ এর অনুচ্ছেদ ৬ (ক) এ বর্ণিত সিলেবাস অনুযায়ী যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তারা আবেদন করতে পারবেন।
খ) ২০১৪ সালের সিলেবাস অনুসারে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করে ০১ (এক) পত্রে কিংবা উভয় পত্রে অকৃতকার্য হয়েছেন সে সকল পরীক্ষার্থী পূর্বের/রহিত নীতিমালার অধীন কেবল ০১ (এক) বার পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।
গ) সংশ্লিষ্ট দপ্তরের সহকারী কমিশনার/সহকারী পরিচালক বা তদূর্ধ্ব কর্মকর্তা এবং জাতীয় রাজস্ব বোর্ড/আপিল ট্রাইব্যুনালের ক্ষেত্রে যথাক্রমে দ্বিতীয় সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন-৪)/রেজিস্ট্রার কর্তৃক স্নাতক/সমমান ডিগ্রি পাসের সনদপত্রের সত্যায়িত কপি (সনদপত্রটি বৈধ ও আইনগতভাবে গ্রহণযোগ্য হতে হবে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, চাকুরী স্থায়ীকরণের আদেশের সত্যায়িত কপি এবং পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
ঘ) অনলাইনে পূরণকৃত/দাখিলকৃত আবেদনপত্রটি প্রিন্ট করে অন্যান্য দলিলাদিসহ সংযুক্ত নির্ধারিত ছকে এক্সেল শীটে nikosh ফন্টে পূরণ করে **bcta2018@gmail.com** এ সফ্টকপি ও হার্ড কপি প্রেরণ করতে হবে।
ঙ) নির্ধারিত তারিখ (**৩১ আগস্ট, ২০২৫ খ্রিঃ**) অফিস চলাকালীন সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
চ) কোনো পরীক্ষার্থী চাহিত কোনো তথ্য গোপন করলে কিংবা অসত্য তথ্যের আশ্রয় নিলে তার আবেদনটি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে বিভাগীয়/ফৌজদারী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হবে।
ছ) অনলাইনে আবেদনপত্র সঠিকভাবে পূরণ না করলে এবং চাহিত সকল সত্যায়িত দলিল (Documents) সংযুক্ত না করলে আবেদনপত্রটি বাতিল বলে গণ্য হবে।

২৮/০৭/২০২৫

(একেএম নুরুল হুদা আজাদ)
মহাপরিচালক
☎ ০২-৩৩৩৩৮০২৪১
bcta2018@gmail.com

ডি/সি